হার-মানা হার পরাব তোমার গলে —
দূরে রব কত আপন বলের ছলে ॥
জানি আমি জানি ভেসে যাবে অভিমান —
নিবিড় ব্যথায় ফাটিয়া পড়িবে প্রাণ,
শূন্য হিয়ার বাঁশিতে বাজিবে গান,
পাষাণ তখন গলিবে নয়নজলে ॥
শতদল-দল খুলে যাবে থরে থরে
লুকানো রবে না মধু চিরদিনতরে।
আকাশ জুড়িয়া চাহিবে কাহার আঁখি,
ঘরের বাহিরে নীরবে লইবে ডাকি,
কিছুই সেদিন কিছুই রবে না বাকি
পরম মরণ লভিব চরণতলে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Sahana

Visit www.geetabitan.com for notation and other detail